# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
## ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
**Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.**
**Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org**


***Ref:*** ***Date:*** *২৪ মে ২০১১*

**প্রেস বিজ্ঞপ্তি**

## ইউপিডিএফ অনিমেষ চকামাসহ ৪ নেতা-কর্মী হত্যার প্রতিবাদে খাগড়াছড়িসহ বিভিন্ন জায়গায় শোক মিছিল ও কালো ব্যাজ ধারণ কর্মসূচি পালিত

গত ২১ মে, রাঙামাটির সুবলঙের মিদিঙাছড়িতে সন্তু গ্রুপের সশস্ত্র সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফ-এর কেন্দ্রীয় নেতা অনিমেষ চাকমা সহ ৪ সদস্যকে হত্যার প্রতিবাদে এবং খুনীদের গ্রেফতার ও বিচারের দাবিতে আজ ২৪ মে ২০১১, মঙ্গলবার খাগড়াছড়িসহ বিভিন্ন জায়গায় শোক মিছিল ও কালো ব্যাজ ধারণ কর্মসুচি পালিত হয়েছে।

সকাল সাড়ে ১০টায় খাগড়াছড়ি জেলা সদরের স্বনির্ভরস্থ ইউপিডিএফ-এর কার্যালয়ের সামনে থেকে শোক মিছিলটি বের হয়ে নারাঙহিয়া, উপজেলা, কলেজ গেট ও চেঙ্গী স্কোয়ার ঘুরে আবার ইউপিডিএফ-এর কার্যালয়ের সামনে এসে শেষ হয়। সেখানে এক সংক্ষিপ্ত শোক সমাবেশে বক্তব্য রাখেন ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটি ফ্রন্ট-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠনক কালোপ্রিয় চাকমা, হিল উইমেন্স ফেডাশেনের কেন্দ্রীয় দপ্তর সম্পাদক চন্দনী চাকমা ও পাহাড়ি ছাত্র পরিষদের খাগড়াছড়ি জেলা শাখার সভাপতি আপ্রুসি মারমা।

বক্তারা বলেন, পার্বত্য চট্টগ্রামে অধিকার আদায়ের আন্দোলনকে ধ্বংস করে দেয়ার ষড়যন্ত্র-চক্রান্তের অংশ হিসেবে সন্তু লারমাকে দিয়ে ইউপিডিএফ-এর নেতা-কর্মীদের হত্যা করা হচ্ছে। দমন-পীড়ন ও হত্যাকান্ড চালিয়ে সরকার যদি পাহাড়ি জনগণের অধিকার আদায়ের আন্দোলন ধ্বংস করে দিতে চায় তাহলে বড় ধরনের ভুল করবে বলে বক্তারা হুঁশিয়ারী উচ্চারণ করেন।

বক্তারা সন্তু চক্র, গণদূশমণ ও জাতীয় বেঈমানদের বিরুদ্ধে গণপ্রতিরোধ গড়ে তোলার জন্য জনগণের প্রতি আহ্বান জানান।

বক্তারা অবিলম্বে কেন্দ্রীয় নেতা অনিমেষ চাকমা সহ ৪ ইউপিডিএফ সদস্যের হত্যাকারী সন্তু লারমার সশস্ত্র সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচার এবং সন্তু লারমাকে আঞ্চলিক পরিষদ থেকে অপসারণের জোর দাবি জানান।

এছাড়া খাগড়াছড়ি জেলার পানছড়ি, দিঘীনালা, মহালছড়ি এবং রাঙামাটি জেলার বাঘাইছড়ি, নান্যাচর, কাউখালী ও কুদুকছড়িতে শোক মিছিল ও কালো ব্যাজ ধারণ কর্মসূচি পালিত হয়েছে।

আগামীকাল ২৫ মে খাগড়াছড়ি সহ বিভিন্ন জায়গায় স্মরণ সভা ও প্রদীপ প্রজ্জ্বল কর্মসূচি পালন করা হবে।

বার্তা প্রেরক



**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ